# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

# GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)

(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৭.০০১.২৫ / ২৮৪ তারিখ ঃ ১২-০১-২০২৫

## পরিপত্র

পরিচালকমন্ডলী কর্তৃক ৩০-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত ৪৬৬তম বোর্ড সভায় অনুমোদিত "জিটিসিএল-এর গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা, ২০২২" এর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে (২য় পর্যায়) অগ্রিম প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাদি সাপেক্ষে নিয়মিত কর্মকর্তা/কর্মচারিগণের নিকট হতে নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

১। গৃহনির্মাণ ঋণের জন্য আবেদনকারীর জিটিসিএল-এ চাকুরী স্থায়ী হতে হবে এবং জিটিসিএল-এ চাকুরীকাল ন্যূনতম ৭ (সাত) বছর হতে হবে;

২। ঋণ প্রাপ্তির জন্য সর্বোচ্চ বয়সসীমা হবে পিআরএল (অবসর উত্তর ছুটি)-এ গমনের ৩ বছর পূর্ব পর্যন্ত (১৩/০২/২০২৫ তারিখে);

৩। এ নীতিমালার আওতায় জিটিসিএল-এর একজন কর্মকর্তা/কর্মচারী দেশের যে কোন এলাকায় গৃহ নির্মাণের উদ্দেশ্যে এ ঋণ গ্রহণ করতে পারবেন;

৪। কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতি মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ নীতিমালার আওতায় ঋণ গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না;

৫। জিটিসিএল-এর চাকুরীতে চুক্তিভিত্তিক, খন্ডকালীন, প্রেষণে কর্মরত ও অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত কোন কর্মকর্তা/কর্মচারী এই নীতিমালার আওতায় ঋণ পাওয়ার যোগ্য হবেন না;

৬। স্বামী ও স্ত্রী কোম্পানিতে কর্মরত থাকলে উভয়কে ঋণ প্রদান করা যাবে;

৭। ঋণের কিস্তি কর্তনের পর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতনের ১/৩ (এক তৃতীয়াংশ) অবশিষ্ট থাকা আবশ্যক। তবে, জিটিসিএল-এর কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের বাড়ি ভাড়া অন্তর্ভুক্তপূর্বক মোট বেতন হিসাব করে উক্ত ১/৩ (এক তৃতীয়াংশ) নির্ধারণযোগ্য;

৮। গৃহ নির্মাণ ঋণ গ্রহণের জন্য জিটিসিএল-এর সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে [(এইচ, বি, আর ফরম নং-১ অনুযায়ী অগ্রীম গ্রহণ কালের ১ম কিস্তির সম্পাদনের ফরম) ];

৯। এইচ, বি, আর ফরম নং-২ অনুযায়ী মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের ঘোষণা ( Declaration of Nominee)(s) গ্রহণ করতে হবে;

১০। গৃহ নিমার্ণের ক্ষেত্রে প্রথম কিস্তির ঋণের অর্থ সর্বোচ্চ ১(এক) বছর পর এবং ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ঋণের অর্থ প্রাপ্তির সর্বোচ্চ ৬(ছয়) মাস পর ঋণ গ্রহীতা কর্তৃক মাসিক ঋণ পরিশোধ আরম্ভ হবে;

১১। অগ্রিম ঋণ প্রদানের জন্য নির্বাচিত কোন কর্মকর্তা/কর্মচারীকে ঋণের সর্বোচ্চ সিলিং ১৫০ (একশত পঞ্চাশ) মাসের মূলবেতন অথবা ৬০.০০ (ষাট) লক্ষ টাকা, যা কম;

১২। ঋণ গ্রহীতা গৃহীত ঋণের বিপরীতে বিদ্যমান ব্যাংক রেটে সার্ভিস চার্জ বহন করবে এবং সময়ে সময়ে পরিবর্তিত ব্যাংক রেট প্রযোজ্য হবে;

১৩। কোন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক নীতিমালার অধীন গৃহীত ঋণের মূল অর্থ ২০০ (দুইশত) টি সম মাসিক কিস্তিতে এবং সার্ভিস চার্জ ১০০ (একশত) টি সম মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য হবে। যদি এরপরও কারো অবশিষ্ট থাকে তা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর চূড়ান্ত হিসাবের সাথে সমন্বয় করা হবে;

১৪। যদি গৃহ নির্মাণ কাজ অসম্পূর্ণ থাকে বা নির্মিত/নির্মাণাধীন গৃহের নবসজ্জা/সম্প্রসারণ/মেরামত/পুনর্নির্মাণ/ফ্ল্যাট সংস্কার ও বাসোপযোগী করার জন্য এ অতিরিক্ত ঋণের প্রয়োজন হয়, তবে কোন কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি, উচ্চতর স্কেল প্রাপ্তি অথবা গৃহ নির্মাণ ঋণের সিলিং বৃদ্ধির কারণে পূর্বে গৃহীত ঋনের সার্ভিস চার্জসহ অবশিষ্ট অর্থ সমন্বয় সাপেক্ষে তাকে অতিরিক্ত প্রাপ্য ঋণের অর্থ মঞ্জুর ও বিতরণ করা যাবে। সেক্ষেত্রে, যে সকল কর্মকর্তা/কর্মচারী পূর্বে গৃহ নির্মাণ ঋণ গ্রহণ করেনি তাদের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করার পর সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেটে অর্থ থাকা সাপেক্ষে পুনরায় যারা আবেদন করেছেন তাদের আবেদন বিবেচনা করা যাবে। তবে, এভাবে প্রদেয় ঋণ একজন কর্মকর্তা/কর্মচারীর জন্য প্রযোজ্য সর্বোচ্চ ঋণসীমা অতিক্রম করতে পারবে না;

১৫। ঋণ প্রাপ্তির উদ্দেশ্যে প্রস্তাবিত ভূমি বা ফ্ল্যাট সম্পূর্ণ দায়মুক্ত হতে হবে;

১৬। ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে কেবলমাত্র সম্পূর্ণ তৈরী (Ready) ফ্ল্যাটের জন্য ঋণ প্রদান করা হবে। এক্ষেত্রে সরকারি সংস্থা কর্তৃক নির্মাণকৃত ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে সম্পূর্ণ তৈরী ফ্ল্যাটের শর্ত শিথিল করা যাবে;

চলমান পাতা-২



CamScanner

১৭। সরকারি সংস্থা কর্তৃক নির্মাণাধীন/নির্মিতব্য ফ্ল্যাটের বরাদ্দপত্রের বিপরীতে জিটিসিএল-এর কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর করতে পারবে। অনুমোদিত ঋণের নিরাপত্তার (Security) স্বার্থে সংশ্লিষ্ট ঋণ আবেদনকারীর ভবিষ্যৎ তহবিল ও গ্রাচ্যুইটি হতে কোম্পানির অপরিশোধিত পাওনা সমন্বয় করার ক্ষমতা প্রদান করে কোম্পানির অনুকূলে আবেদনকারী/সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে উপযুক্ত মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ক্ষমতা অর্পণপত্র প্রদান করতে হবে;

১৮। কোন কর্মকর্তা/কর্মচারী ইতঃপূর্বে (এ নীতিমালা জারির পূর্বে) জিটিসিএল হতে জমি ক্রয়/গৃহ নির্মাণ/ফ্ল্যাট ক্রয় ঋণ গ্রহণ করে থাকলে এ নীতিমালা অনুযায়ী ঋণ গ্রহণের আবেদন করতে পারবেন;

১৯। জিটিসিএল-এর কোন কর্মকর্তা/কর্মচারী অন্য প্রতিষ্ঠানে প্রেষণে কমরর্ত থাকলে জিটিসিএল-এ প্রত্যাবর্তনের পর উক্ত কর্মকর্তা/কর্মচারী এ নীতিমালার আওতায় ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। এছাড়া, জিটিসিএল এর কোন কর্মকর্তা/কর্মচারী লিয়েন/শিক্ষাছুটিতে থাকলেও উক্ত কর্মকর্তা/কর্মচারী জিটিসিএল-এ প্রত্যাবর্তনের পর ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন;

২০। কোন কর্মকর্তা/কর্মচারী স্বেচ্ছায় চাকুরি ত্যাগ করলে অথবা কোম্পানি কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিকে বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরি হতে বরখাস্ত/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অপরিশোধিত অর্থ(যদি থাকে) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারির গ্রাচ্যুইটি সুবিধা ও ভবিষ্য তহবিল হতে আদায় করা হবে;

২১। কোন কর্মকর্তা/কর্মচারি মৃত্যুবরণ করলে সেক্ষেত্রে তার ভবিষ্য তহবিল ও গ্রাচুইটি দ্বারা সার্ভিস চার্জ অপরিবর্তিত রেখে যতটুকু কিস্তি আদায় করা যায় সে পরিমাণ আদায় সাপেক্ষে ঋণের অবশিষ্ট অংশ তার প্রাপ্য ভবিষ্য তহবিল ও গ্র্যাচুইটি হতে আদায় করা হবে;

২২। যদি ভবিষ্য তহবিল ও গ্রাচ্যুইটি দ্বারা সম্পূর্ণ ঋণ আদায় নিশ্চিত না হয়, তাহলে তার উত্তরাধিকারীর নিকট হতে সার্ভিস চার্জ অপরিবর্তিত রেখে অপরিশোধিত টাকা আদায়যোগ্য হবে, তবে এক্ষেত্রে হিসাব বিভাগ চাইলে কিস্তির সংখ্যা ও কিস্তির পরিমাণ নতুনভাবে নির্ধারণ করতে পারবে;

২৩। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে তা কোম্পানি ভবিষ্য তহবিল ও গ্রাচ্যুইটি থেকে সমন্বয় হবে।

২৪। ঋণ অগ্রিমের আবেদন বিষয়ক কোম্পানি কর্তৃক ২৩.০৭.২০২৩ তারিখে জারিকৃত পত্র সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৭.০০১. ২৩.১১৬ সংখ্যক পরিপত্র প্রযোজ্য হবে।

২৫। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী ঋণ গ্রহণের জন্য নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রশাসন বিভাগে আবেদনপত্র ও চাহিদাকৃত ডকুমেন্টস ১৩/০২/২০২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে। উল্লিখিত তারিখের পর এতদসম্পর্কীয় কোন ঋণ/অগ্রিমের আবেদনপত্র গ্রহন করা হবে না;

২২/১/২০২৫
(মোহছেনা আক্তার)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি :

১। সকল ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান, জিটিসিএল---------------------------------------
২। ব্যবস্থাপক (নেটওয়ার্ক এডমিনিসট্রেশন), জিটিসিএল-(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩। উপ-ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর জিটিসিএল।
৪। নোটিশ বোর্ড।
৫। অফিস কপি।

আপনার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারিগণকে অবহিত করার জন্য প্রেরণ করা হলো।



CamScanner